ঝিনাইদহে বিজ্ঞান ও কারিগরি ইনস্টিটিউটের নির্মাণ কাজের উদ্বোধন

ঝিনাইদহে বিজ্ঞান ও কারিগরি ইনস্টিটিউটের নির্মাণ কাজ উদ্বোধন করেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। গতকাল বুধবার দুপুরে শহরতলীর গোপিনাথ পুর এলাকায় প্রতিষ্ঠানের নিজস্ব জমিতে এই ভবন নির্মাণ কাজের উদ্বোধন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের সুপার আব্দুল্লাহ আল মামুন, মল্লিক শহিদুল ইসলাম কারিগরি কলেজের অধ্যক্ষ আব্দুর রশীদ, ঝিনাইদহ জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্তী, ম্যানেজিং কমিটির সদস্য জাসদ নেতা মনিরুজ্জামান রাসেল, মনিরুজ্জামান উজ্জল,

শিক্ষবিদ সদস্য ও সদর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক ওহিদুজ্জামান উজ্জল, সাংবাদিক শাহানুর আলম, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারী, প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সম্মানিত সদস্যসহ প্রতিষ্ঠানের শিক্ষার্থীবৃন্দ।

নির্মাণ কাজের উদ্বোধন শেষে শিক্ষক শিক্ষার্থীদের উদ্যোগে মৌসুমী পিঠা উৎসবের আয়োজন করা হয়।

আওয়ামীলীগের কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা উপকমিটিতে তৃতীয়বার সদস্য হলেন মেহেরপুরের ইমন

বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা উপকমিটিতে তৃতীয়বারের মতো সদস্য হয়েছেন মেহেরপুরের মোহাম্মদ আব্দুস শুকুর ইমন (এমএএস ইমন)। বুধবার ৩ জানুয়ারি বাংলাদেশ আওয়ামীলীগের সভাপতি শেখ হাসিনার নির্দেশে দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের

এ কমিটির অনুমোদন দেন।

এমএএস ইমন এর রাজনীতিতে পদার্পণ সেই ছাত্রজীবন থেকেই। ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় ১৯৯৫ সালে এস এম হল শাখার ছাত্রলীগের যুগ্ম সম্পাদক পদে নির্বাচিত হয়েছিলেন। পরে ১৯৯৭ সালে ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় কমিটির সমাজসেবা সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন। বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় কমিটিতে ২০০২ সালে সদস্য হিসেবে ছিলেন।

এছাড়াও টানা ৬ বছর পেট্রোবাংলার অধীনস্থ রুপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড এর পরিচালনা পর্ষদের সদস্য ছিলেন। বর্তমানে তিনি আনিশা গ্রুপের চেয়ারম্যান ও মেহেরপুর জেলার একমাত্র দৈনিক পত্রিকা মেহেরপুর প্রতিদিন এর প্রকাশক।

বাংলাদেশ আওয়ামীলীগের উপদেষ্টা কমিটির সদস্য ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপদেষ্টা হোসেন তওফিক ইমাম (এইচ টি ইমাম) কে চেয়ারম্যান ও বাংলাদেশ আওয়ামীলীগের প্রচার সম্পাদক আব্দুস সোবহান গোলাপ এমপি কে সদস্য সচিব করে মোট ৩৫ সদস্যের কমিটি গঠন করা হয়েছে।

কমিটির অন্য সদস্যরা হলেন, বাংলাদেশ আওয়ামীলীগের উপ-প্রচার সম্পাদক আমিনুল ইসলাম আমিন, যুগ্ম সম্পাদক ও তথ্যমন্ত্রী ড. হাসান মাহমুদ এমপি, এনামুল হক চৌধুরী খসরু, কাসেম হুমায়ুন, সুভাষ সিংহ রায়, তারিক সুজাত, সাদিকুর রহমান চৌধুরী পরাগ, রফিকুল ইসলাম কহিনুর, কাজী নাসিম আল মমিন রুপক, কামিল হোসেন ঢালী, আব্দুল্লাহ আল মামুন তোফাজ্জল, ফয়সল আহম্মেদ রিয়াদ, বদরুল আলম বাবু, সৈয়দ নুরুল ইসলাম, জগদীশ এষ, এম শওকত ওসমান লিখন, মহিনুর রহমান মঈন, রইচউল আলম মোল্লা, আরিফুল ইসলাম বাপ্পী,

ইমরুল পারভেজ শিমুল, মুমতাহিনা রীতু, আরিফা রহমান রুমা, আশরাফ সিদ্দিকী বিটু, আব্দুস শুকুর ইমন, গোলাপ সামদানি হিল্লোল, নাজমুল মুন্সি, জহিরুল ইসলাম শাহীন, গিয়াস উদ্দিন আহমেদ, রাশেক রহমান, সালাউদ্দিন রিপন, রাশেদুল ইসলাম রাসেল, একেএম শরিফুল ইসলাম বাবু। ২০২২ সাল পর্যন্ত এ কমিটি দায়িত্ব পালন করবে।

মেপ্র/এমএফআর

৭ তারিখ থেকে জেলায় করোনা ভ্যাকসিন প্রয়োগ, মেহেরপুরে প্রথম ধাপে দেওয়া হবে ৬ হাজার

মেহেরপুরসহ সারা দেশে আগামী ৭ ফেব্রয়ারি জেলায় জেলায় করোনার ভ্যাকসিন প্রয়োগের উদ্বোধন করা হবে। প্রথম ধাপে মেহেরপুরে ৬ হাজার জনকে দেওয়া হবে এই ভ্যাকসিন। জেলার তিন উপজেলায় ইতিমধ্যে ১৬ টি করোনা ভ্যাকসিন বুথ প্রস্তুত করা হয়েছে।

এর মধ্যে মেহেরপুর জেনারেল হাসপাতালে ৮টি, সিভিল সার্জনের সংরক্ষিত ২টি, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৩টি ও গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৩টি। ভ্যাকসিন নেওয়ার ক্ষেত্রে প্রথম ধাপে অগ্রাধিকার পাবে করোনা প্রতিরোধে সম্মুখ যোদ্ধারা, মুক্তিযোদ্ধারা ও সাধারণ মানুষের ভিতর ৫৫ বছরের উর্দ্ধে যারা আছেন।

বুধবার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক সংবাদ সম্মেলনে এস কথা জানান জেলা প্রশাসক ড. মোহম্মদ মুনসুর আলম খান। তিনি আরও বলেন, ৬ হাজারের বেশি যদি চাহিদা থাকে তবে আমরা পরবর্তিতে আরও চাহিদা পাঠাবো। করোনা ভ্যাকসিন নিতে www.surkkha.gov.bd এই ওয়েবসাইট থেকে রেজিট্রেশন করতে হবে।

সংবাদ সম্মেলনে বক্তব্য দেন সিভিল সার্জন ড. নাসির উদ্দিন। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি জানান, ভ্যানসিন নেওয়া নিয়ে যে সমস্ত অপপ্রচার চালাচ্ছে একটি পক্ষ এটা ভিত্তিহীন। ইতিমেধ্য বাংলাদেশে এই ভ্যাকসিন প্রয়োগ করা হয়েছে। তাদের মধ্যে কোন ধরণের পাশ^প্রতিক্রিয়া দেখা যায়নি।

জন সাধারনের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা নির্ভয়ে ভ্যাকসিন নিতে পারবেন। এটা নিয়ে ভয়ের কিছু নেই। প্রথম ধাপে আমরা ১২ হাজার ডোজ পেয়েছি। একজন মানুষকে ২টি করে ডোজ প্রয়োগ করতে হবে। প্রথম ভ্যাকসিন নেওয়ার ৪ সপ্তাহ পর আবার দ্বিতীয় ডোজ নিতে হবে।

সংবাদ সম্মেলনে আরও বক্তব্য দেন পুলিশ সুপার এস এম মুরাদ আলী। করোনার ভ্যানসিন নিয়ে গুজবে কান না দেওয়ার পরামর্শ দেন তিনি।

সংবাদ সম্মেলন আরও উপস্থিত ছিলেন, জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাধারণ সম্পাদক আল আমিন, বাসস প্রতিনিধি দিলরুবা, চ্যানেল ২৪ প্রতিনিধি রাশেদ, ভোরের কাগজ প্রতিনিধি এম এফ রুপক সহ দুই প্রেস ক্লাবে সাংবাদিকগন।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে উদ্যোক্তা এসোসিয়েশন এর কমিটি গঠন

উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন প্রকল্প (বিডা) বাংলাদেশ এর সৌজন্যে মেহেরপুর জেলা উদ্যোক্তা এসোসিয়েশন এর কমিটি গঠন করা হয়েছে।

আজ বুধবার বিকাল সাড়ে তিন টার সময় যুব ভবনের হল রুমে এই কমিটির নাম ঘোষণা করা হয়।

এস এম এনামুল আজিম রাশেদ কে সভাপতি ও মো: হুসাইন ফারুক কে সাধারণ সম্পাদক করে ৪৬ সদস্য বিশিষ্ট মেহেরপুর জেলা উদ্যোক্তা এসোসিয়েশন কমিটি গঠন করা হয়েছে।

কমিটির অন্য সদস্যরা হলেন, সহ-সভাপতি মো: সরোয়ার হোসেন, সাংগঠনিক সম্পাদক মো: শরিফুল ইসলাম (পলাশ), অর্থ সম্পাদক মো: আমজাদ হোসেন,
প্রচার ও প্রকাশনা সম্পাদক মো: মোস্তাফিজুর রহমান, তথ্য ও প্রযুক্তি সম্পাদক মো: আব্দুল আলিম,

সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মো: মুরাদ আলী, দপ্তর সম্পাদক মো: আছাদুজ্জামান, ধর্ম ও সমাজকল্যাণ সম্পাদক মো: রফিকুল ইসলাম, মো: আতিকুজ্জামানসহ ১৩ জন কে নিবাহী সদস্যসহ মোট ৪৬

সদস্য বিশিষ্ট কমিটির নাম ঘোষণা করা হয়।

মেহেরপুরের কৃষি হবে যান্ত্রিক কৃষি জেলা প্রশাসক

উৎপাদন খরচ হ্রাস ও বেশি ফলন পাওয়ার লক্ষ্যে মেহেরপুর জেলা এই প্রথম শুরু হয়েছে যন্ত্র দিয়ে ধান রোপণ কার্যক্রম।

গাংনী উপজেলা কৃষি অফিসের উদ্যোগে বাথানাপাড়া মাঠে ৫০ একর জমিতে রাইস ট্রান্সপ্লান্টার দিয়ে ধান রোপণ কার্যক্রম উদ্বোধন করেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনছুর আলম খান।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, খোরপোষ কেন্দ্রিক কৃষি থেকে আজকের কৃষি হয়ে উঠেছে অর্থনৈতিক কৃষি। মেহেরপুর জেলা কৃষি নির্ভর ও কৃষি উন্নত জেলা।

এ জেলার প্রতি ইঞ্চি মাটিই কৃষকরা কাজে লাগাই ফসল উৎপাদনে। বর্তমান সরকার কৃষি বান্ধব সরকার। কৃষিতে সরকারিভাবে বিভিন্ন পর্যায়ে প্রণোদনা দিচ্ছে। বিজ্ঞান ভিত্তিক কৃষি হলে জেলার কৃষকরা একদিন আর্থিক ভাবে সাবলম্বি হবে।

এ বিষয়টি মাথায় রেখে এবং অল্প সময় ও কম খরচে কৃষকরা যেন তাদের ফনল উৎপাদন করতে পারে তার জন্য কৃষকদের মাথে ট্রান্সপ্লান্টার মেশিন কৃষকদের দেয়া হচ্ছে। এ মেশিন কৃষকরা পেয়ে অনেকটাই আনন্দের সাথে গ্রহন করেছেন। আগামীর কৃষি হবে যান্ত্রিক কৃষি।

বুধবার দুপুরে আয়োজিত এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ পরিচালক স্বপন কুমার খাঁ,উপজেলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, গাংনী উপজেলা কৃষি অফিসার কেএম শাহাবুদ্দীন আহম্মেদ,রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু।

২০২০-২১ রবি মৌসূমে সরকারের প্রণোদনা কর্মসুচীর আওতায় বোরো হাইব্রিড ধানের সমলয় চাষাবাদ ব্লক প্রদর্শনীর আওতায় এ কার্যক্রম

বাস্তবায়ন করছেন গাংনী উপজেলা কৃষি অফিস। যন্ত্র দিয়ে ধান রোপণ কার্যক্রম সাড়া ফেলেছে এলাকার কৃষকদের মাঝে।

অনুষ্ঠানে এলাকার কৃষাণ কৃষানীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ফসলি জমি নষ্ট করে পুকুর খনন, মাটি বিক্রি হচ্ছে বিভিন্ন ইট ভাটায়

জাতীয় ভূমি ব্যবহার নীতিমালা লংঘন করে এলাকার প্রভাবশালীরা নির্বিঘেœ ফসলি উর্বর কৃষি জমি নষ্ট করে পুকুর খননের নামে ব্যাপক হারে মাটি উত্তোলন করছে। ফলে এলাকার সাধারণ জমির মালিকেরা চরমভাবে হতাশ। ফসলি জমি থেকে অবৈধভাবে মাটি কাটার পর তা পরিবহনের জন্য পাকা ও কাঁচা সড়ক ব্যবহার করা হচ্ছে। মাটি বোঝাই যন্ত্রদানব ট্রাক্টর চলাচল করার কারণে রাস্তায় মাটি পড়ে তা অন্যান্য যানবাহন চলাচলের অনুপযোগী হয়ে পড়ছে। আর সড়কগুলো নষ্ট হওয়ায় ভোগান্তি পোহাচ্ছে এলাকার সর্বস্তরের জনসাধারণ।

প্রশাসনের নাকের ডগায় অবৈধ্য ভাবে ফসলি জমির মাটি সাবাড় করলেও জোরালো কোন পদক্ষেপ না নেয়ার কারণে জেলা জুড়ে চলছে অবৈধ মাটি উত্তোলন।

এতে দিন দিন কমে আসছে আবাদি জমি। বিশেষ করে তিন ফসলি জমিতে পুকুর খনন করায় খাদ্য ফসল উৎপাদনে বিরূপ প্রভাব পড়তে যাচ্ছে। মেহেরপুর সবজি চাষ খ্যাত একটি জেলা। সবজির পাশাপাশি সব ধরনের ফসল উৎপাদন হয়ে থাকে। বছরের প্রায় সব সময় পাওয়া যায় সবজি। জেলার অর্থনীতি সমৃদ্ধ করছে সবজি চাষ। তবে আশঙ্কাজনকহারে আবাদি জমিতে পুকুর খননের সংখ্যা বেড়ে যাচ্ছে।

স্থানীয়রা অভিযোগ করে বলেন, প্রত্যেক দিন ৮০ থেকে ১০০ গাড়ি মাটি উত্তোলন করে সেই মাটি ট্রাক্টর দিয়ে বহন করে নেওয়া হচ্ছে আশেপাশের বিভিন্ন ভাটায়। মাটি কাটার কারণে আমাদের ফসলি জমিগুলো

বিনষ্ট হচ্ছে। তাছাড়া মাটি বহনের সময় যে পরিমান ধুলো উড়ছে তাতে করে রাস্তাতে চলাচল করা খুবই মুশকিল হয়ে পড়ছে। রাস্তাগুলো চলাচলের অনুপযোগী হয়ে পড়ছে। ধুলোতে যেমন নষ্ট হচ্ছে আশেপাশের পরিবেশ আবার ঘটছে সড়ক দূর্ঘটনা।

তারা আমাদের কোন কথায় কর্ণপাত না করে দিনরাত বিরতিহীন মাটি খনন করেই চলেছে। এভাবে মাটি কাটা চলতে থাকলে আমাদের জমিসহ আশেপাশের জমি ভেঙ্গে যাবে। সরেজমিন ঘুরে দেখা গেছে, মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামের কাউসার গোভীপুর-হরিরামপুর সড়কের পাশে জমির মাটি কেটে ভাটায় বিক্রি করছেন।

বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সামনে প্রায় দশ বিঘা জমির মাটি কেটে মোটা টাকার বিনিময়ে ইটভাটায় বিক্রি করছেন জমির মালিক বাড়িবাকা গ্রামের বাবু হাজী।

এছাড়াও বাড়িবাকা গ্রামে বিপ্লব নামের এক ব্যক্তি একই কায়দায় মাটি বিক্রি করছেন ভাটায়। এলাকায় যেন পুকুর খননের মহোৎসব চলছে। কৃষকরা না বুঝে যেমন হারাচ্ছেন তাদের উর্বর ফসলি জমি, অন্যদিকে আঙুল ফুলে কলাগাছ হচ্ছেন এক শ্রেণির প্রভাবশালী মাটি ব্যসায়ীরা।

কুমারখালীতে ঢাকা ম্যারাথন উপলক্ষে প্রস্তুতিমুলক সভা

কুষ্টিয়ার কুমারখালীতে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন -২১ উপলক্ষে প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার দুপুরে উপজেলা পরিষদ সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার রাজিবুল ইসলাম খানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও পৌরমেয়র মো. সামছুজ্জামান অরুন।

এছাড়া উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান মেরিনা আক্তার মিনা, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এমএ মুহাইমিন আল জিহান প্রমুখ

উপস্থিত ছিলেন।

উপজেলা পর্যায়ে মোট ১ হাজার যেকোন বয়সী দৌড়বিদ ম্যারাথন প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন।

১০ ফেব্রুয়ারী অনুষ্ঠিতব্য ৫ কিলোমিটার দৌড় প্রতিযোগিতায় বিজয়ীদের উপজেলা প্রশাসনের পক্ষ থেকে পুরস্কৃত করা হবে।

ঝিনাইদহে তৈরী হচ্ছে ভেজাল খেজুরের গুড় !

ঝিনাইদহে এবার চিনি, চুন, ফিটকিরি ও সরিষার তেল দিয়ে তৈরী করা ভেজাল খেজুরের গুড় ধ্বংস করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

ঝিনাইদহ সদর উপজেলার কোদালিয়া ও শৈলকূপা উপজেলার জুগনি গ্রামে তৈরী হচ্ছিল খেজুরের গুড়। রাজশাহী বাঘা উপজেলার টুটুল, আব্দুল কাদের ও আকবর মোল্লা কৃষকদের কাছ থেকে গাছ কিনে গুড় উৎপাদন করে আসছিল। খবর পেয়ে বুধবার সকালে সেখানে হানা দেয় ঝিনাইদহ ভোক্তা অধিকারের নেতৃত্বে পরিচালিত মার্কেট মনিটরিং টিম।

ঝিনাইদহ জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল জানান, অভিযানকালে চিনি, চুন, ফিটকিরি ও সরিষার তেল মিশিয়ে খেজুরের গুড় তৈরির অপরাধে তিন ব্যাবসায়ী টুটুল, আব্দুল কাদের ও আকবর মোল্লাকে তিন হাজার টাকা জরিমানা করা হয়।

এ সময় নিরাপদ খাদ্য অফিসার মোঃ রাসেল ও নমুনা সংগ্রহ সহকারী মোঃ রাজিব হোসেনসহ ঝিনাইদহ জেলা পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।

“বঙ্গবন্ধু ও মানবাধিকার” রচনা প্রতিযোগিতায় সেরা মেহেরপুরের নাজমিন

মুজিব শতবর্ষ উপলক্ষে “মুজিব বর্ষের অঙ্গীকার, সুরক্ষিত হবে মানবাধিকার” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে “বঙ্গবন্ধু ও মানবাধিকার” শীর্ষক রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

জাতীয় মানবাধিকার কমিশন কতৃক আয়োজিত এই প্রতিযোগিতায় মেহেরপুর থেকে মোট ৪৮০ জন প্রতিযোগী অংশ নেয়। এতে একশ জন বিজয়ীকে সম্মাননা প্রদান করা হয়েছে।

এর মধ্যে মেহেরপুর থেকে ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় থেকে ১০ম শ্রেনীর ছাত্রী নাজমিন আক্তার সেরা সম্মাননা পুরুষ্কার লাভ করেন।

মঙ্গলবার মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম এর কাছ থেকে সম্মাননা পুরুষ্কার গ্রহন করেন। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আনোয়ার হোসেন, উপজেলা একাডেমিক সুপারভাইজার আনারুল ইসলাম,ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিনারুল ইসলাম ।

মেপ্র/এমএফআর

কুষ্টিয়ায় ট্রাকচাপায় ইটভাটা শ্রমিক নিহত

কুষ্টিয়ার মিরপুরে ট্রাকচাপায় চান্দু আলী মল্লিক (৫২) নামে এক ইটভাটা শ্রমিক নিহত হয়েছেন। বুধবার (৩ ফেব্রুয়ারি) সকালে

কুষ্টিয়া-মেহেরপুর সড়কের নওপাড়া বাজারে এ দূর্ঘটনা ঘটে।

নিহত চান্দু আলী মল্লিক মিরপুর পৌরসভার নওয়াপাড়া গ্রামের মৃত আজিজুল মল্লিকের ছেলে।

মিরপুর থানার উপপরিদর্শক (এসআই) মাফিজুর রহমান এ তথ্য নিশ্চিত করে বলেন, সকালে ইটভাটায় সাইকেলযোগে যাওয়ার পথে কুষ্টিয়া- মেহেরপুর সড়কের নওপাড়া বাজারের নিকট একটি বালি বোঝাই ট্রাক চান্দু আলী মল্লিককে চাপা দিলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

খবর পেয়ে ঘটনাস্থল থেকে তার লাশ উদ্ধার করে থানায় এনে রাখা হয়েছে। তবে ট্রাক চালককে আটক করা যায়নি বলে জানান তিনি।